# আরব আমিরাতে গোপনে সফর করলেন ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু



ছবি: সংগৃহীত

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু রোববার (২৭ সেপ্টেম্বর) সংযুক্ত আরব আমিরাত সফর করেছেন বলে দেশটির কয়েকটি সংবাদমাধ্যম জানিয়েছে। এক দিনের সফরে তিনি আমিরাতের প্রেসিডেন্ট শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গে বৈঠক করেছেন বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।
ইসরায়েলি টিভি চ্যানেল টুয়েলভ ও কান এবং হারেৎজ ও জেরুজালেম পোস্ট সফরের খবর প্রকাশ করেছে। তবে নেতানিয়াহুর কার্যালয় থেকে এ বিষয়ে তাৎক্ষণিক কোনো বক্তব্য পাওয়া যায়নি।

ইরানকে কেন্দ্র করে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের যুদ্ধ চলার সময়ই নেতানিয়াহুর আমিরাত সফরের খবর সামনে এলো। এর আগে ইসরায়েলি সংবাদমাধ্যমে প্রকাশিত একটি প্রতিবেদনে বলা হয়েছিল, ২০২৩ সালের ৭ অক্টোবর হামাসের হামলার আগে আমিরাতের প্রেসিডেন্ট নেতানিয়াহুকে এ বিষয়ে সতর্ক করেছিলেন। সেই সতর্কবার্তা তিনি ইসরায়েলের নিরাপত্তা সংস্থাগুলোর কাছে পৌঁছাননি বলেও প্রতিবেদনে দাবি করা হয়। তবে নেতানিয়াহু ওই দাবি নাকচ করেছেন।

২০২০ সালে যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় আব্রাহাম অ্যাকর্ড সইয়ের মাধ্যমে ইসরায়েল ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্ক স্থাপিত হয়।